*AH-V/Bengali-501C-11/19*

## B.A. 5th Semester (Honours) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 50111** **Course Code : AH/BNG-501C-11**

Course Title: সাহিত্যতত্ত্ব

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) রীতিবাদের প্রবক্তা কে? তাঁর গ্রন্থের নাম উল্লেখ করো।

(খ) ন'টি স্থায়ীভাবের নাম লেখো।

(গ) ট্রাজেডি কাকে বলে?

(ঘ) ট্রাজেডির উপাদানগুলি কী কী?

(ঙ) 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধটি কত বঙ্গাব্দে কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(চ) 'আমার সুখদুঃখ আমার কাছে অব্যবহিত'— কোন্ প্রবন্ধের অংশ? 'অব্যবহিত' শব্দের অর্থ কী?

(ছ) ফরাসি সিম্বলিজমের পুরোধাপুরুষ কে? তাঁর একটি গ্রন্থের নাম লেখো।

(জ) রোমান্টিক কাব্য আন্দোলনের সূত্রপাত ঘটান যে দু'জন কবি তাঁদের নাম লেখো।

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) বিভাব কাকে বলে? ক-প্রকার? উদাহরণসহ আলোচনা করো।

(খ) অনুকরণ বিষয়ে প্লেটো ও অ্যারিস্টটলের বক্তব্য সংক্ষেপে লেখো।

(গ) 'সাহিত্য ঠিক প্রকৃতির আরশি নহে'— কেন তা বুঝিয়ে দাও।

(ঘ) ক্লাসিসিজম বলতে কী বোঝায় সে বিষয়ে আলোচনা করো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ধ্বনিবাদ বিষয়ে বিস্তারিত আলোচনা করো।

(খ) ট্রাজেডির বৈশিষ্ট্যসমূহ বিষয়ে আলোকপাত করো।

(গ) 'সাহিত্যের উদ্দেশ্য' প্রবন্ধে বিধৃত রবীন্দ্রনাথের বক্তব্য নিজের ভাষায় লেখো।

(ঘ) রোমান্টিকতার সংজ্ঞা ও লক্ষণসমূহ বুঝিয়ে দাও।

---

*AH-V/Bengali-502C-12/19*

# B.A. 5th Semester (Honours) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 50112** **Course Code : AH/BNG-502C-12**

Course Title: উনিশ ও বিশ শতকের কথাসাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) 'চন্দ্রশেখর' উপন্যাসের 'উপক্রমণিকা' অংশে কয়টি পরিচ্ছেদ রয়েছে? পরিচ্ছেদগুলির নাম লেখো।

(খ) 'এ দেশে এক প্রাচীন দণ্ডের কিম্বদন্তী আছে।'— বক্তা কে? দণ্ডটি কী?

(গ) 'কাহাকে?' উপন্যাসটির কথক কে? তার পুরো নাম কী?

(ঘ) 'কাহাকে?' উপন্যাসে জর্জ এলিয়টের কোন উপন্যাসের কথা আছে? এই উপন্যাসের নায়িকা কতবার বিয়ে করেছিলেন?

(ঙ) 'দিবারাত্রির কাব্য' উপন্যাসটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? এই উপন্যাসের দুটি নারী চরিত্রের নাম লেখো।

(চ) 'দিবারাত্রির কাব্য' উপন্যাসটির কয়টি ভাগ রয়েছে? ভাগগুলির নাম লেখো।

(ছ) 'ভিখারিণী তৎক্ষণাৎ খোসা ছাড়াইয়া প্রেমিকের দান আত্মসাৎ করে।'— ভিখারিণী ও প্রেমিকের নাম লেখো। প্রেমিক ভিখারিণীকে কী দান করেছিল?

(জ) 'ছোট বকুলপুরের যাত্রী' গল্পে দিবাকর দাসের পিতা ও স্ত্রীর নাম কী?

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'এই পত্রকে সূত্র করিয়া বিধাতা দলনী আর শৈবলিনীর অদৃষ্ট একত্র গাঁথিলেন।'— কোন পত্রকে সূত্র করে বিধাতা কীভাবে তাদের অদৃষ্ট একত্রে গাঁথলেন তা বর্ণনা করো।

(খ) 'কাহাকে?' উপন্যাসে জমিদার কৃষ্ণমোহনবাবুর বাড়িতে ছোট ছেলেমেয়েদের পড়ার জন্য যে স্কুল বসত সেই স্কুল সম্পর্কে কথকের অভিজ্ঞতা বর্ণনা দাও।

(গ) 'দিবারাত্রির কাব্য' উপন্যাসের মালতী চরিত্রটি বিশ্লেষণ করো।

(ঘ) মানিক বন্দ্যোপাধ্যায়ের 'যাকে ঘুষ দিতে হয়' গল্পে কে, কাকে, কীভাবে, কী ঘুষ দিয়েছিল বর্ণনা করো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) 'চন্দ্রশেখর' উপন্যাসকে ঐতিহাসিক উপন্যাস বলা যায় কিনা বিচার করো।

(খ) 'কাহাকে?' উপন্যাসের নামকরণের সার্থকতা নির্ণয় করো।

(গ) মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘দিবারাত্রির কাব্য’ উপন্যাসে জীবনরহস্য চেতনার যে প্রকাশ ঘটেছে তার পরিচয় দাও।

(ঘ) মানিকের ‘প্রাগৈতিহাসিক’ গল্প অবলম্বনে ভিখু চরিত্রটি বিশ্লেষণ করো।

## B.A. 5th Semester (Honours) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 50116** **Course Code : AH/BNG-503DSE-1**

Course Title: মধ্যযুগের বাংলা সাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) তোমার পঠিত প্রার্থনা বিষয়ক পদ দুটির প্রথম লাইন তুলে ধরো। ২

(খ) ‘তোমার চরণে আমার পরাণে
বাঁধিল প্রেমের ফাঁসি’।
— পদটি কার লেখা কোন পর্যায়ের পদ? ২

(গ) কালকেতুর পিতামাতার নাম কী?

(ঘ) কবি কঙ্কণ মুকুন্দ ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের ভণিতায় যে সমস্ত বিকল্প নাম উল্লেখ করেছেন, তার দুটি নাম লেখো।

(ঙ) ‘চৈতন্যচরিতামৃতের আদি লীলার চতুর্থ পরিচ্ছেদের সূচনায় যে সংস্কৃত শ্লোকটি আছে তা উল্লেখ করো।

(চ) কাম ও প্রেমের পার্থক্য বোঝাতে কৃষ্ণদাস কোন উপমার প্রয়োগ ঘটিয়েছেন, তা তুলে ধরো।

(ছ) কেতকাদাস ক্ষেমানন্দের ‘মনসামঙ্গল’ কাব্যে ‘কবির আত্মবিবরণী’ অংশে কোন কোন শাসনকর্তার নাম পাওয়া যায়, তা লেখো।

(জ) কেতকাদাস ক্ষেমানন্দের জন্মস্থান উল্লেখ করো।

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) তোমার পঠিত অভিসার পর্যায়ের পদটির শিরোনাম উল্লেখ করে পদটির তাৎপর্য নিরূপণ করো।

(খ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্য অবলম্বনে কবিকঙ্কণ মুকুন্দের আত্মবিবরণীর পরিচয় দাও।

(গ) ‘বিষয় জাতীয় সুখ আমার আস্বাদ। আমা হইতে কোটিগুণ আশ্রয়ের আহ্লাদ’। — বিষয়ের থেকে কেন আশ্রয়ের আহ্লাদ কোটিগুণ বেশি, তা বুঝিয়ে দাও।

(ঘ) কেতকাদাস ক্ষেমানন্দের ‘মনসামঙ্গল’ কাব্য অবলম্বনে চাঁদ বণিক চরিত্রটির বর্ণনা দাও।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ‘মাথুর পর্যায়ের শ্রেষ্ঠ কবি বিদ্যাপতি’। — মন্তব্যটি বিচার করো।

(খ) কবিকঙ্কণ মুকুন্দ রচিত ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের আখেটিক খণ্ডে বিধৃত সমাজ-বাস্তবতার পরিচয় দাও।

(গ) কৃষ্ণদাস কবিরাজের ‘চৈতন্যচরিতামৃত’ গ্রন্থের আদি লীলার চতুর্থ পরিচ্ছেদে চৈতন্য আবির্ভাবের কারণ যেভাবে বর্ণনা করা হয়েছে তার পরিচয় দাও।

(ঘ) কেতকাদাস ক্ষেমানন্দের ‘মনসামঙ্গল’ কাব্যে বেহুলা চরিত্রনির্মাণে কবির কৃতিত্ব তুলে ধরো।

## B.A. 5th Semester (Honours) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 50116** **Course Code : AH/BNG-503DSE-1**

Course Title: রবীন্দ্র সাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) ‘চতুরঙ্গ’ উপন্যাস পুস্তকাকারে কত সালে প্রকাশিত হয়? এর চারটি অঙ্গের নাম লেখো। ১+১=২

(খ) হরিমোহন কার বিরুদ্ধে কী নিয়ে কোর্টে নালিশ রুজু করেছিল?

(গ) ‘নিদ্রিতা’ কবিতাটি রবীন্দ্রনাথ কবে, কোথায় রচনা করেন? ১+১=২

(ঘ) ‘বধূ’ কবিতায় কোন ঋতুর কথা আছে? এ সময়ে কোন ফুল ফুটেছিল? ১+১=২

(ঙ) ‘প্রিয়ারে আমার তুলেছে জাগায়ে
প্রলয়রোল।’ — কার লেখা, কোন কবিতার অংশ? ১+১=২

(চ) ‘অহল্যার প্রতি’ কবিতাটি রবীন্দ্রনাথ কবে কোথায় রচনা করেন। ১+১=২

(ছ) রবীন্দ্রনাথের ‘ছিন্নপত্রের’ ১২০ সংখ্যক পত্রে যে কবিতার উল্লেখ করেছিলেন তার প্রথম লাইনটি লেখো।

(জ) রবীন্দ্রনাথের ‘ছিন্নপত্রের’ ৯ সংখ্যক পত্র যখন লেখেন তখন তাঁর বয়স কত ছিল? এই পত্রটি কোথায় লিখেছিলেন? ১+১=২

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ‘সাধ মিটিল না, জন্মান্তরে আবার যেন তোমাকে পাই’ — উদ্ধৃত অংশটির বক্তা চরিত্রের মানসিকতা তুলে ধরো।

(খ) ‘ঝুলন’ কবিতার গীতিধর্মী আবেদনের দিকটি বিশ্লেষণ করো।

(গ) দিলে আজি দেখা
ধরিত্রীর সদ্যোজাত কুমারীর মতো
সুন্দর, সরল, শুভ্র; ......’
— প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য নিরূপণ করো।

(ঘ) ‘ছিন্নপত্রে’র ৪৬ সংখ্যক পত্রে রসিকতা সম্পর্কে রবীন্দ্রনাথের বক্তব্য তুলে ধরো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ‘চতুরঙ্গ’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) ‘বৈষ্ণব কবিতা’য় রবীন্দ্রনাথের যে মানবপ্রীতি ও মর্তমমতার ছবি পরিস্ফুট হয়েছে তার বর্ণনা দাও।

(গ) ‘সুরদাসের প্রার্থনা’ কবিতায় প্রেম ও সৌন্দর্যানুভূতির যে পরিচয় পাওয়া যায় তার পরিচয় দাও।

(ঘ) রবীন্দনাথের মন কীভাবে প্রকৃতি ও মানবের মাঝে আত্মহারা হয়ে গিয়েছিল তা তোমার পাঠ্য ছিন্নপত্রে’র পত্র অবলম্বনে ব্যাখ্যা করো।

———————

# B.A. 5th Semester (Honours) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 50116** **Course Code : AH/BNG-503DSE-1**

Course Title: আধুনিক কবিতা

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) 'যে জীবন ফড়িঙের, দোয়েলের - মানুষের সাথে তার হয় নাকো দেখা' — কবি একথা লিখেছেন কেন?

(খ) 'ক্যাম্পে' কবিতাটি কোন পত্রিকায় কত বঙ্গাব্দে প্রথম প্রকাশিত হয়?

(গ) আরুণির নাম উদ্দালক হয়েছে কেন?

(ঘ) 'সত্য এবার হয়েছে জমকালো' — উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(ঙ) 'মৃত গাছটির পাশে উত্তরের হাওয়ায় কিছুটা মায়া লেগে আছো।' — কার লেখা, কোন কবিতার অংশ?

(চ) 'নদীর শিয়রে ঝুঁকে পড়া মেঘ
প্রান্তরে দিগন্ত নির্নিমেষ' — 'শিয়রে' ও 'নির্নিমেষ' শব্দটির অর্থ লেখো।

(ছ) 'রাখালের হাতে গীতিকবিতার মিল' — উক্তিটির তাৎপর্য সংক্ষেপে লেখো।

(জ) 'নির্বাসন' কবিতায় কবির দেখা গ্রামগুলিকে তাঁর মায়ের শৈশব মনে হওয়ার কারণ কী?

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'আরো এক বিপন্ন বিস্ময়'
আমাদের অন্তর্গত রক্তের ভিতরে
খেলা করে;' — বিশ্লেষণ করো।

(খ) 'সেই বাড় নিচে চাড়িয়ে যায়
শিকড়ে শিকড়ে মাথা খোঁড়ে, আর
এখানে-ওখানে মাটি ফুঁড়ে
হয়ে ওঠে এক অন্য গাছ।' — তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) 'এ আমারই সাড়ে-তিন হাত ভূমি' — কেন লিখেছেন কবি?

(ঘ) 'আমি যত গ্রামে যত মুক্তক পাহাড়শ্রেণী দেখি' — পাহাড় শ্রেণীকে 'মুক্তক' বলার কারণ কী?

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ‘সৃষ্টির হাতে আমরা ঢের নিঃসহায় — ‘ক্যাম্পে’ কবিতাটির ইঙ্গিত এই’ — কবির এই কথা অবলম্বন করি কবিতাটির বিশ্লেষণ করো।

(খ) ‘চূড়া’-র শীর্ষবাচকতা আর ‘রাধা’-র নারীবাচকতা একসঙ্গে মিলে গিয়ে সমকালের সঙ্গে তাকে জড়িয়ে নিতে পেরেছিল। — কবির এই কথার সূত্রে ‘রাধাচূড়া’ কবিতার নামকরণ বিষয়ে আলোচনা করেন।

(গ) ‘উত্তরাধিকার’ কবিতায় নবীন কিশোরকে কবি কী কী দিতে চেয়েছেন?

(ঘ) ‘নিরীশ্বর পাখিদের উপাসনালয়ে’ কবিতাটির বিষয়বস্তু ও ভাষা বিষয়ে আলোকপাত করো।

AH-V/Bengali-504DSE-2/19

# B.A. 5th Semester (Honours) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 50117** **Course Code : AH/BNG-504DSE-2**

Course Title: কথাসাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) 'ঘরে বাইরে' উপন্যাসটি পুস্তকাকারে কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? উপন্যাসটি লেখক কাকে উৎসর্গ করেছেন?

(খ) 'ঘরে বাইরে' উপন্যাসটি কোন পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশ পায়? উপন্যাসটি শেষ হয়েছে কার আত্মকথায়?

(গ) 'শ্রীকান্ত' উপন্যাসটি ক'টি পর্বে বিভক্ত? এর পূর্ব নাম কী ছিল?

(ঘ) শ্রীকান্তদের বাড়ীর কোন দিকে আম কাঁঠালের বাগান ছিল? বাগানটির নাম কী?

(ঙ) কুবেরের মাছ ধরার সঙ্গী কারা ছিল? তাদের নৌকা এবং জালের মালিকের নাম লেখো।

(চ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে রথ উৎসব কোন গ্রামে হয়? রথটি যে মাঠে সাতদিন থাকে সেই মাঠটির নাম কী?

(ছ) 'ধাত্রীদেবতা' উপন্যাসের কেন্দ্রীয় চরিত্রের নাম কী? তাঁর সমবয়সী সঙ্গীটি কে?

(জ) 'ধাত্রীদেবতা' উপন্যাসটি প্রথম প্রকাশিত হয় কত সালে? লেখকের প্রথম প্রকাশিত উপন্যাসটির নাম লেখো।

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'ঘরে বাইরে' উপন্যাসে বিমলা চরিত্রটির গুরুত্ব সংক্ষেপে বোঝাও।

(খ) 'বায়ুলেশহীন নিষ্কম্প নিস্তব্ধ নিঃসঙ্গ নিশীথিনীর সে যেন এক বিরাট কালীমূর্তি।'— ঘটনাটি বিবৃত করে লেখকের বর্ণনা দক্ষতার পরিচয় দাও।

(গ) ''আঁধার রাইতে আশমান জমিন ফারাক কইরা থোও

বোনধু কত ঘুমাইবা।''—গানটির ব্যবহার উপন্যাসের গতিপথকে কতখানি প্রভাবিত করেছে তা প্রসঙ্গ উল্লেখে বুঝিয়ে দাও।

(ঘ) একপ্রান্তে অবক্ষয়িত জমিদারতন্ত্রের প্রতি দুর্বলতা, অন্যদিকে গান্ধীবাদী রাজনৈতিক আন্দোলনে বিশ্বাস 'ধাত্রীদেবতা' উপন্যাসে কীভাবে লেখকের অনুভূতিকে পরিচালিত করেছে তা যুক্তিসহ বোঝাও।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) স্বদেশী আন্দোলনের পটভূমিতে লেখা ‘ঘরে বাইরে’ কোন জাতীয় উপন্যাস সে সম্পর্কে তোমার সুচিন্তিত অভিমত পরিস্ফুট করো।

(খ) আত্মজীবনীমূলক উপন্যাস হিসেবে শ্রীকান্ত-র সার্থকতা বিচার করো।

(গ) কুবেরের জীবন প্রবাহে কপিলা চরিত্রের গুরুত্ব কতখানি তার বিস্তৃত পরিচয় দাও।

(ঘ) ‘ধাত্রীদেবতা’ উপন্যাসের নামকরণের যৌক্তিকতা বিশ্লেষণ করো।

# B.A. 5th Semester (Honours) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 50117** **Course Code : AH/BNG-504DSE-2**

Course Title: নাট্য-সাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) কোন নাট্যশালায় কী নাটকের অভিনয় দেখে নাট্যকার মধুসূদনের নাটক রচনার ইচ্ছা জেগেছিল?

(খ) 'শর্মিষ্ঠা' নাটকটি নাট্যকার কাদের নামে উৎসর্গ করেন? তাঁরা কোথাকার রাজা ছিলেন?

(গ) 'নুরজাহান' শব্দের অর্থ লেখো। নুরজাহান কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?

(ঘ) 'নুরজাহান' নাটকটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত? এর অংক ও মোট দৃশ্য সংখ্যা লেখো।

(ঙ) 'নবান্ন' নাটকটি কত সালে কোথায় প্রথম অভিনীত হয়?

(চ) 'প্রধান সমাদ্দার' চরিত্রটি কোন নাটকের? এই চরিত্রের প্রথম অভিনেতা কে ছিলেন?

(ছ) 'ব্যারিকেড' নাটকটি নাট্যকার কার, কোন রচনা থেকে অনুপ্রাণিত হয়ে রচনা করেন?

(জ) 'ব্যারিকেড' নাটকটির প্রথম পরিচালক কে? নাটকটির সমাপ্তি ঘটেছে কোন বাক্যটি দিয়ে?

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'শর্মিষ্ঠা' নাটকে ক'টি সঙ্গীত ব্যবহৃত হয়েছে? নাটকে সঙ্গীতগুলির উপযোগিতা বিচার করো।

(খ) 'নুরজাহান' নাটকে লায়লা চরিত্রটির নাট্যোপযোগিতা বিচার করো।

(গ) 'সংলাপ নাটকের অন্যতম অপরিহার্য অঙ্গ।'—'নবান্ন' নাটক অবলম্বনে উক্তিটির গুরুত্ব সংক্ষেপে পর্যালোচনা করো।

(ঘ) জার্মান প্রেক্ষাপটে লেখা 'ব্যারিকেড' নাটকটির সমসাময়িক প্রাসঙ্গিকতা কতখানি তা বোঝাও।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ''অলীক কুনাট্যরঙ্গে মজে লোক রাঢ়ে বঙ্গে
নিরখিয়া প্রাণে নাহি সয়।''

— তোমার পাঠ্য 'শর্মিষ্ঠা' নাটক অনুসরণে নাট্যকারের এই কথার যৌক্তিকতা বোঝাও।

(খ) ''এই নাটকে বাহিরের যুদ্ধ অপেক্ষা ভিতরের যুদ্ধ দেখাইতেই আমি আপনাকে সমধিক ব্যাপৃত রাখিয়াছি।''— 'নুরজাহান' নাটক অবলম্বনে দ্বিজেন্দ্রলালের এই বক্তব্য বিষয়টি সম্বন্ধে তোমার সুচিন্তিত অভিমত দাও।

(গ) 'নবান্ন' নাটক অনুসরণে রাধিকা চরিত্রটির প্রাসঙ্গিকতা বিশ্লেষণ করো।

(ঘ) 'ব্যারিকেড' নাটকটির নামকরণের সার্থকতা বিশ্লেষণ করো।

———————

## B.A. 5th Semester (Programme) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 50118** **Course Code : AP/BNG-501/DSE-1A**

Course Title: মধ্যযুগের বাংলা সাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) ‘চৈতন্যচরিতামৃত’ গ্রন্থের আদি লীলায় কতগুলি পরিচ্ছেদ আছে? প্রথম পরিচ্ছেদের বিষয়বস্তু কী?

(খ) ‘এই ত করিব বৈষ্ণবধর্মের প্রচার। ইহাঁ হৈতে হৈবে দুই কুলের নিস্তার’ — নারায়ণের চিহ্নযুক্ত চৈতন্যেরচরণ দেখে একথা কে বলেছিলেন?

(গ) ‘ঘরের বাহিরে দণ্ডে শতবার’ — কার লেখা, কোন পর্যায়ের পদ?

(ঘ) ‘মাধব বহুত মিনতি করি তোয়’ — উক্তিটি কার? পদটি কোন পর্যায়ের?

(ঙ) বিজয়গুপ্তের পিতা-মাতার নাম কী? তাঁর মনসামঙ্গল কাব্য কী নামে পরিচিত?

(চ) বিজয়গুপ্তের কাব্যরচনার কালজ্ঞাপক শ্লোকটি লেখো।

(ছ) ধনপতি সদাগরের দুই স্ত্রী ও পুত্রের নাম লেখো।

(জ) ‘কমলে-কামিনী’ দৃশ্যটির সংক্ষেপে বর্ণনা দাও।

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ‘চৈতন্যতরিতামৃত’ গ্রন্থের আদি লীলা অবলম্বনে গ্রন্থটির প্রধান বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উল্লেখ করো।

(খ) তোমাদের পাঠ্য বিদ্যাপতি রচিত বর্ষা-বিরহের পদটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) হাসন-হুসন দুই ভাই কীভাবে মনসা পূজায় রাজি হয়, তা ‘হাসন হুসন যুদ্ধ পালা’ অবলম্বনে সংক্ষেপে করো।

(ঘ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের ‘বণিক খণ্ডে’ তৎকালীন সমাজের যে চিত্র ফুটে উঠেছে, তা সংক্ষেপে আলোচনা করো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ‘চৈতন্যতরিতামৃত’ গ্রন্থের ষোড়শ পরিচ্ছেদ অবলম্বনে চৈতন্যর ‘কৈশোর লীলা’ থেকে ‘দিগ্‌বিজয়ী জয়’ পর্যন্ত বর্ণনা করো।

(খ) তোমাদের পাঠ্য চণ্ডীদাসের পদগুলি অবলম্বন করে তাঁর কবি-কৃতিত্বের পরিচয় দাও।

(গ) ‘মনসামঙ্গল’ কাব্য রচনায় কবি বিজয়গুপ্তের স্বকীয়তার দিকটি বিশ্লেষণ করো।

(ঘ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের ‘বণিক খণ্ডের’ আখ্যান রচনায় কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব আলোচনা করে।

# B.A. 5th Semester (Programme) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 50118** **Course Code : AP/BNG-501/DSE-1**

Course Title: রবীন্দ্র সাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) 'সোনার তরী' কাব্যগ্রন্থের প্রকাশকাল লেখো। কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছে? ১+১=২

(খ) 'দেবতারে প্রিয় করি ............' উদ্ধৃতাংশটি সম্পূর্ণ করো। উদ্ধৃতাংশটি কোন কবিতা থেকে গৃহীত? ১+১=২

(গ) 'চতুরঙ্গ' উপন্যাসে ননীবালার আত্মহত্যার কারণ কী ছিল? ১+১=২

(ঘ) 'চতুরঙ্গ' উপন্যাসে স্বামীজির নাম কী? শচীশ কখন তাঁর কাছে গিয়ে আশ্রয় নেয়? ১+১=২

(ঙ) 'চার অধ্যায়' উপন্যাসে এলার বাবার নাম কী? বাবার মৃত্যুর পর এলার ভার কে নেন? ১+১=২

(চ) 'এলা মাথা তুলে বললে ''এই প্রতিজ্ঞাই আমার'' — ইন্দ্রনাথকে তার কোন প্রতিজ্ঞার কথা বলেছে এলা?

(ছ) 'এ কী কৌতুক নিত্যনূতন/ওগো কৌতুকময়ী!' — উদ্ধৃতাংশটি 'আত্মপরিচয়' গ্রন্থের কোন প্রবন্ধে ব্যবহৃত হয়েছে?

(জ) ''আমার তো বয়স পঞ্চাশ পার হইল'' — বক্তা কে? উক্তিটি কোন গ্রন্থ থেকে গৃহীত হয়েছে?

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'বৈষ্ণব কবিতা' কবিতায় ধরণীর প্রতি কবির ভালোবাসা কীভাবে পরিস্ফুট হয়েছে লেখো।

(খ) 'চতুরঙ্গ' উপন্যাস অবলম্বনে জ্যাঠামশাই-এর চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

(গ) 'চার অধ্যায়' উপন্যাসের 'ভূমিকা' অংশে স্বদেশি মন্ত্রে দীক্ষিত হওয়ার পূর্বে এলার জীবন সম্পর্কে কী জানা যায়?

(ঘ) 'আত্মপরিচয়' গ্রন্থের প্রথম প্রবন্ধে বিভিন্ন পত্র থেকে উদ্ধৃত অংশে লেখেকের প্রকৃতিপ্রেম কীভাবে পরিস্ফুট হয়েছে, তা সংক্ষেপে লেখো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) 'সোনার তরী' কবিতার অন্তর্নির্হিত তাৎপর্যটি ব্যাখ্যা করো।

(খ) 'চতুরঙ্গ' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) ভারতের স্বাধীনতার ইতিহাসে স্বদেশী যুগে দলীয় সংঘাতের ছবির মধ্যে অতীন্দ্র-এলার প্রেম ও মানসিক দ্বন্দ্ব 'চার অধ্যায়' উপন্যাসে কীভাবে প্রকাশিত হয়েছে বিশ্লেষণ করো।

(ঘ) 'আত্মপরিচয়' গ্রন্থের দ্বিতীয় প্রবন্ধে কবি তাঁর চল্লিশ বছরের বেশি সময় ধরে রচিত সাহিত্যকর্ম সম্পর্কে কী মতামত ব্যক্ত করেছেন ও তার মধ্যে দিয়ে কবির জীবনদর্শন কীভাবে ফুটে উঠেছে?

## B.A. 5th Semester (Programme) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 50118** **Course Code : AP/BNG-501/DSE-1**

Course Title: কথাসাহিত্য ঃ উপন্যাস

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) কুন্দনন্দিনীর প্রথম স্বামীর নাম কী? কোন ব্যাধিতে কুন্দনন্দিনীর স্বামীর মৃত্যু হয়েছিল?

(খ) 'হীরের ইষ্টিরস হয়েছে, তাই ডাক্তারের কাছে গিয়েছিলাম, সে একটু কেষ্টরস দিয়াছে।' — 'ইষ্টিরস' ও 'কেষ্টরস' শব্দদুটি মূল কোন শব্দের বিকৃতি? ২

(গ) 'ঘরে বাইরে' উপন্যাসটি কত সালে এবং কোন পত্রিকাতে প্রকাশিত হয়? ১+১=২

(ঘ) 'আমি মায়ের মতো দেখতে এই কথা সকলে বলে।'— উক্তিটি কার? তার 'মা' কেমন দেখতে ছিলেন? ১+১=২

(ঙ) জলে ভেসে আসা শিশুটির মুখে ইন্দ্র কীসের গন্ধ পেয়েছিল? শিশুটির মৃত্যুর কারণ কী? ১+১=২

(চ) 'মরতে একদিন তো হবেই ভাই' — কে, কাকে একথা বলেছে? কোন উপন্যাসের অংশ এটি? ১+১=২

(ছ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে জেলে পরিবারগুলিকে কে ময়নাদ্বীপে নিয়ে গিয়েছিল? ময়নাদ্বীপ কত মাইল লম্বা? ১+১=২

(জ) 'দ্বীপ দেখিয়া আমিনুদ্দি বড়ো দমিয়া গিয়াছে'— 'দ্বীপ' দেখে 'আমিনুদ্দি'র দমে যাওয়ার কারণটি কী? ২

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'বিষবৃক্ষ' উপন্যাসে দেবেন্দ্র হীরা উপকাহিনীর গুরুত্ব আলোচনা করো।

(খ) ''জীবনটা কেঁদে ভাসিয়ে দেওয়ার চেয়ে হেসে উড়িয়ে দেওয়াই ভালো'' — এই উপলব্ধি কার? এই উপলব্ধি থেকে বক্তার চরিত্রের কোন দিক উদ্ভাসিত তা লেখো।

(গ) শাহজী ও অন্নদাদিদির আখ্যান সংক্ষেপে বিবৃত করো।

(ঘ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে জেলেদের জীবনে পদ্মানদীর গুরুত্ব আলোচনা করো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) 'বিষবৃক্ষ' উপন্যাসে ত্রিকোণ-প্রেমের বিষয়টি উপন্যাস জুড়ে আবর্তিত হয়েছে— আলোচনা করো।

(খ) 'ঘরে-বাইরে' উপন্যাসে স্বদেশভাবনার যে পরিচয় পাওয়া যায়, তা আলোচনা করো।

(গ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের কপিলা চরিত্র পদ্মানদীর মতো রহস্যময়। — আলোচনা করো।

(ঘ) 'আত্মজীবনীমূলক' উপন্যাস হিসেবে 'শ্রীকান্ত' উপন্যাসের সার্থকতা বিচার করো।

## B.A. 5th Semester (Programme) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 50118** **Course Code : AP/BNG-501/DSE-1**

Course Title: নাট্যসাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) 'যযাতি' কী কারণে জরাগ্রস্ত হয়েছিল? কে, তার জরা গ্রহণ করেছিল? ১+১=২

(খ) 'তোমার কন্যা চিরকাল দেবযানীর দাসী হয়ে থাকুক, এই আমার ইচ্ছা।'— উক্তিটি কার? 'তোমার কন্যা' বলতে এখানে কার কথা বলা হয়েছে? ১+১=২

(গ) 'সাজাহান' নাটকে ব্যবহৃত 'বৈষ্ণবগীতি'গুলি পদকর্তার নামসহ উল্লেখ করো।

(ঘ) 'সাজাহান' নাটকের প্রথম সংলাপটি কোন চরিত্রের? দ্বিজেন্দ্রলাল রায় নাটকটি কাকে উৎসর্গ করেছিলেন? ১+১=২

(ঙ) 'মুক্তধারা' নাটকটির প্রকাশকাল লেখো। নাটকটি কোন পত্রিকাতে প্রকাশিত হয়েছিল? ১+১=২

(চ) 'মুক্তধারা' নাটকের ইংরাজী অনুবাদটির নাম কী? এটি কোন পত্রিকাতে প্রকাশিত হয়েছিল? ১+১=২

(ছ) 'টিনের তলোয়ার' নাটকে বেঙ্গল থিয়েটারের ঘরের দেওয়ালে কোন কোন নাটকের ফেস্টুন লাগানো আছে?

(জ) ''যতক্ষণ এর ফিরিঙ্গি শয়তান দেশের পবিত্র বুকে পা রেইখে দাঁড়্গে থাকবে ততক্ষণ এই ওয়াহাবি তিতুমীরের তলোয়ার কোষবদ্ধ হবে না কখনো।''— প্রসঙ্গটি লেখো।

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'শর্মিষ্ঠা' নাটকের 'যযাতি' চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

(খ) 'সাজাহান' নাটকের গঠনরীতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(গ) 'মুক্তধারা' নাটকের নামকরণের সার্থকতা সংক্ষেপে বিচার করো।

(ঘ) 'টিনের তলোয়ার' নাটকের শেষ দৃশ্যের গুরুত্ব বিশ্লেষণ করে দেখাও।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) বাংলা নাটকের ইতিহাসে 'শর্মিষ্ঠা' নাটকের গুরুত্ব আলোচনা করো।

(খ) ট্র্যাজেডি নাটক হিসেবে 'সাজাহান' নাটকের সার্থকতা বিচার করো।

(গ) ''রণজিৎ, বিভূতি ও অভিজিৎ— এই তিনটি চরিত্র সম্ভবত তিনটি স্তরের প্রতীক।''—'মুক্তধারা' নাটক অনুসারে এই বক্তব্যের যথার্থতা আলোচনা করো।

(ঘ) 'টিনের তলোয়ার' নাটকের 'ময়না' চরিত্রটি বিশ্লেষণ করো।

———————

*AP-V/Bengali-503/GE-1/19*

# B.A. 5th Semester (Programme) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 50114** **Course Code : APBNG-503/GE-1**

Course Title: আধুনিক কবিতা

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (*যে কোনো পাঁচটি*) ঃ ২×৫=১০

(ক) জীবনানন্দ দাশের ‘সমারূঢ়’ কবিতার দুটি পঙ্‌ক্তি উল্লেখ করো।

(খ) ‘ইন্দ্র ধরেছে কুলিশ’ কবিতায় ‘কুলিশ’ বলতে কী বোঝানো হয়েছে?

(গ) ‘আমি দেখি’ কবিতার কেন্দ্রীয় বিষয় কী?

(ঘ) আম্রপালী কে? ‘আম্রপালী’ কবিতায় মল্লিকা সেনগুপ্তের বক্তব্য বিষয় কী?

(ঙ) ‘হেমন্তের অরণ্য আমি পোস্টম্যান’ — কবিতার স্তবক সংখ্যা কটি? ‘পোস্টম্যান’ বলতে কবি কী বুঝিয়েছেন?

(চ) ‘সবুজের অনটন ঘটে’ — কীভাবে সবুজের অনটন ঘটে তা কবির অনুসরণে ব্যাখ্যা করো।

(ছ) ‘রাত্রি’ কবিতায় জীবনানন্দ যে সকল অপশব্দকে কাব্যভাত করেছেন যেগুলি উল্লেখ করো।

(জ) ‘মন্ত্রীমশাই’ কবিতাটি কোন গ্রন্থ থেকে গৃহীত হয়েছে? এর মূল থিম কী?

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ‘আমি দেখি’ কবিতা অবলম্বনে কবির পরিবেশভাবনার পরিচয় দাও।

(খ) ‘রাত্রি’ কবিতার নামকরণের সার্থকতা বিশ্লেষণ করো।

(গ) ‘প্রবাস যাত্রা’ কবিতা অবলম্বনে কবির জীবনদর্শনের পরিচয় দাও।

(ঘ) ‘আকাশলীনা একটি চিত্ররসের কবিতা’ — উক্তিটি অবলম্বনে কবিতাটির চিত্রশৈলীর পরিচয় দাও।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ‘যথাতি’ কবিতায় মিথের নবনির্মাণ কীভাবে ঘটেছে তা বিশ্লেষণ করো।

(খ) ‘মল্লিকা সেনগুপ্ত একাধারে নারীবাদী ও কবি’ — উক্তটির তাৎপর্য পাঠ্য কবিতা অবলম্বনে বিশ্লেষণ করো।

(গ) ‘‘জীবনানন্দের ‘রাত্রি’ একাধারে সমকাল ও শাশ্বত কালচেতনার কবিতা’ — উক্তটি অবলম্বনে ‘রাত্রি’ কবিতাটি বিশ্লেষণ করো।

(ঘ) কবি শক্তি চট্টোপাধ্যায়-এর ‘চতুরঙ্গ’ কবিতার শৈলী বিচার করো।

---

*AP-V/Bengali-504/SEC-3/19*

# B.A. 5th Semester (Programme) Examination, 2019-20

# BENGALI

**Course ID : 50110** **Course Code : APBNG-504/SEC-3**

Course Title: রচনা শক্তির নৈপুণ্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (*যে কোনো পাঁচটি*) ঃ ২×৫=১০

(ক) প্রতিবেদন রচনার সময় প্রতিবেদককে কোন কোন বিষয়ের উপর লক্ষ রাখতে হয়?

(খ) প্রতিবেদন কত প্রকার হতে পারে? প্রত্যেক প্রকারের নাম লেখো। ২

(গ) পত্র কত প্রকার ও কী কী? ২

(ঘ) ব্যক্তিগত পত্রের কাঠামোগত কয়টি অংশ ও কী কী? ২

(ঙ) ব্যক্তিগত পত্রের (হিন্দুরীতি) ক্ষেত্রে গুরুজনদের কী কী বলে সম্ভাষণ করার প্রথা প্রচলিত আছে?

(চ) বিজ্ঞাপন বলতে কী বোঝায়? বিজ্ঞাপন কত প্রকার ও কী কী? ২

(ছ) বিজ্ঞাপনের প্রয়োজনীয়তা কী কী?

(জ) সম্পাদকীয় রচনার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো।

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) কাঠামোগত দিক থেকে প্রতিবেদনের সুস্পষ্ট কটি ভাগ? প্রতিটি বিভাগ সম্পর্কে আলোচনা করো। ৫

(খ) ব্যবহারিক পত্রের প্রধান বৈশিষ্ট্যগুলি কী কী? মহাবিদ্যালয়ের দীর্ঘদিন অনুপস্থিত থাকার কারণ জানিয়ে অধ্যক্ষ মহাশয়ের কাছে একটি আবেদনপত্র লেখো। ৫

(গ) ক্ল্যাসিকাল বিজ্ঞাপনের ভাগগুলো কী কী? প্রতিটি বিজ্ঞাপনের উদ্দেশ্য সংক্ষেপে লেখো। ৫

(ঘ) সম্পাদকীয় কত প্রকার ও কী কী? প্রত্যেক প্রকার সম্পাদকীয় রচনার উদ্দেশ্য সংক্ষেপে লেখো। ৫

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) মনে করো, ২০১৯ সালে উচ্চমাধ্যমিক পরীক্ষায় বাঁকুড়া জেলার কোনো একজন পরীক্ষার্থী পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক সংসদে প্রথম স্থান অধিকার করেছে। তাঁকে বাঁকুড়া জেলার নাগরিক মঞ্চ থেকে সংবর্ধনা দেওয়ার আয়োজন করা হয়েছে। এই খবরের ভিত্তিতে একটি প্রতিবেদন রচনা করো।

(খ) মনে করো, তোমার নিজের গ্রামে একটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। এই বিষয়টি নিয়ে একটি জনপ্রিয় দৈনিক সংবাদপত্রের সম্পাদকের কাছে প্রতিবেদন লেখো।

(গ) বিজ্ঞাপন রচনার বৈশিষ্ট্যগুলি বিস্তারিত আলোচনা করো।

(ঘ) কোন কোন ক্ষেত্রে সম্পাদকীয় রচনা করা হয়? সম্পাদকীয় রচনার বৈশিষ্ট্যগুলি বিস্তৃতভাবে আলোচনা করো। ১০

———————